জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপনে কানাইঘাটে সাংবাদিকদের সাথে মতবিনিময়

কানাইঘাট প্রতিনিধিঃ “নিরাপদ মাছে ভরবো দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ” এ পতিপাদ্য সামনে রেখে সিলেটের কানাইঘাটে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ উদযাপন উপলক্ষে কানাইঘাটে স্থানীয় সাংবাদিকদের নিয়ে মতবিনিময় করেছেন উপজেলা মৎস্য কর্মকর্তা কর্মকর্তা কারিশমা আহমেদ জাকসি। আজ শনিবার দুপুর ১২টায় উপজেলা মৎস্য দপ্তরের কর্মকর্তার কার্যালয়ে সাংবাদিকদের নিয়ে মতবিনিময় কালে উপজেলা মৎস্য কর্মকর্তা কারিশমা আহমেদ জাকসি জাতীয় মৎস্য সপ্তাহের অনুষ্ঠানমালা তোলে ধরে বলেন ২৩-২৯ জুলাই পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন করা হবে। এ উপলক্ষে বিশেষ করে সপ্তাহের প্রথম দিন গণমাধ্যম কর্মীদের সাথে মতবিনিময়, মৎস্য সপ্তাহের প্রচার-প্রচারণার জন্য উপজেলা ব্যাপী মাইকিং করা হচ্ছে।
জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষ্যে ২৪ জুলাই সকাল সাড়ে ১০ টায় বর্নাঢ্য র্যালী, ঐদিন সকাল ১১টায় মাছের পোনা অবমুক্তকরণ, সাড়ে ১১টায় উদ্বোধনী অনুষ্ঠান, আলোচনাসভা, পুরস্কার বিতরণ, বিকেল ২টায় মৎস্য সেক্টেরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য নিয়ে নির্মিত প্রামান্যচিত্র প্রদর্শন।
২৫ জুলাই সকাল ১১টায় প্রান্তিক পর্যায়ের মৎস্যচাষী ও মৎসজীবিদের সাথে মতবিনিময়, ২৬জুলাই অবৈধ কারেন্ট জালের বিরুদ্ধে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা, ২৭ জুলাই বিশেষ পরামর্শ সেবা, পুকুরের মাটি ও পানি পরীক্ষা, ঐ দিন বিকেল ২টায় মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ে নির্মিত প্রামান্যচিত্র প্রদর্শন, ২৮ জুলাই সকাল ১১টায় সুফলভোগীদের মাঝে মাছ চাষের বিভিন্ন উপকরণ বিতরণ, ২৯ জুলাই সকাল ১১টায় জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২ মূল্যায়ন ও সমাপনী অনুষ্ঠানের মাধ্যমে মৎস্য সপ্তাহ সমাপ্ত হবে।
মতবিনিময়কালে উপস্থিত ছিলেন কানাইঘাট প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন, দপ্তর সম্পাদক মুমিন রশিদ, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক শাহীন আহমদ, কার্য নির্বাহী কমিটির সদস্য আলা উদ্দিন, মৎস্য অফিসের ক্ষেত্র সহকারী বিদ্যুৎ চন্দ্র সরকার, সূচনা প্রকল্পের ফিশ সুপারভাইজার মোঃ শেখ ফরিদ। মতবিনিময় কালে

স্থানীয় সাংবাদিকরা উপজেলার বিভিন্ন হাওড়, জলাশয়ে দেশীয় মাছের বংশবিস্তারের লক্ষ্যে কারেন্ট জালের অপ-ব্যবহার বন্ধ খাল-বিলে অবৈধ খাটিবাঁধ অপসারন সহ মৎস্য খামারের সংখ্যা বৃদ্ধি করার লক্ষ্যে মৎস্য অফিসের তৎপরতা আরো বাড়ানোর উপর গুরুত্ব দেন এবং জাতীয় মৎস্য সপ্তাহের সকল আয়োজনে সাংবাদিকরা সর্বাত্মক ভাবে সহযোগিতা করবেন বলে আশ^স্থ প্রদান করেন।